

Mon, Jan 28th, 2008 12:48 pm BdST

ঢাকা, জানুয়ারি ২৮ (বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম)- জাতিসংঘ পরিবেশ কর্মসূচির (ইউএনইপি) 'চ্যাম্পিয়নস অব দ্য আর্থ ২০০৮' পুরস্কার পেয়েছেন বাংলাদেশের পরিবেশবিদ ও গবেষক ড. আতিক রহমান।

সোমবার বাংলাদেশ সময় সকাল ১১টায় কেনিয়ার রাজধানী নাইরোবীতে আনুষ্ঠানিকভাবে চ্যাম্পিয়নদের নাম ঘোষণা করা হয়।

ঘোষণার পরই ড. আতিক রহমান ঢাকায় গুলশানে 'বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজ' এর কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে এ তথ্য জানান।

মোট সাত জনকে এ সম্মাননা দেওয়া হয়েছে। পুরস্কারপ্রাপ্ত অন্যরা হলেন, নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী হেলেন ক্লার্ক, সুদানের পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ বিষয়ক পরিষদের সিনিয়র রিসার্চার বালগিস ওসমান ইলাশাহ, বার্বাডোজের সাবেক স্থানীয় ও পরিবেশ বিষয়ক মন্ত্রী হেনরিয়েটা এলিজাবেথ থমসন, ইয়ামিন পিপলস জেনারেল কংগ্রেসের মহাসচিব আব্দুল কাদের বা-জামাল, নর্থ আমেরিকার টিমুথি ই রিচ ও ইউরোপের মনাকোর প্রিন্স আলবার্ট দ্বিতীয়।

টেকসই উন্নয়ন এবং পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে ড. আতিক রহমান এ পুরস্কার পাবেন। তিনি 'বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজ' এর নির্বাহী পরিচালক।

এশিয়া থেকে দ্বিতীয় ব্যক্তি হিসেবে ড. আতিক পুরস্কারটি পেলেন। এর আগে এই অঞ্চল থেকে পুরস্কারটি পান ইরানের সাবেক ভাইস-প্রেসিডেন্ট মাসুদে এবতেকার।

জাতিসংঘ পরিবেশ কর্মসূচির গভর্নিং কাউন্সিলের বিশেষ অধিবেশন সামনে রেখে এবারের পুরস্কার দেওয়া হচ্ছে। আগামী ২০ ফেব্রুয়ারি মোনাকোতে অনুষ্ঠিত ওই অধিবেশনে বিভিন্ন দেশের মন্ত্রী পর্যায়ের শতাধিক প্রতিনিধি যোগ দেবেন।

২২ এপ্রিল সিঙ্গাপুরে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

জাতিসংঘের আন্ডার-সেক্রেটারি জেনারেল ও ইউএনইপি এর নির্বাহী পরিচালক আকিম স্টেইনার সম্রপ্তি এক চিঠিতে ড. আতিক রহমানকে পুরস্কার পাওয়ার কথা জানান।

চিঠিতে বলা হয়, 'জাতীয় ও আন্তর্জাতিক অভিজ্ঞতার আলোকে টেকসই উন্নয়ন এবং পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান আপনাকে বিশ্বের প্রধান বিশেষজ্ঞদের মর্যাদা এনে দিয়েছে। আপনার নেতৃত্বে 'বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজ (বিসিএএস)' দক্ষিণ এশিয়ায় টেকসই উন্নয়ন সম্পর্কিত নীতি-নির্ধারণী গবেষণার ক্ষেত্রে একটি অগ্রগামী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।'

ইউএনইপি ২০০৪ সাল থেকে 'চ্যাম্পিয়নস অব দ্য আর্থ' প্রদান করছে।

রাশিয়ার মিখাইল গব্রাচেভ, জর্দানের প্রিন্স হাসান বিন তালাল, যুক্তরাষ্ট্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট আল গোরও এ পুরস্কার পান।

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম/এমআরএফ/আরএ/জিএনএ/১২৪২ ঘ.